

ঃ বিআরটিএ'র বিজ্ঞপ্তি ঃ
মোটরযান মালিকদের জন্য জ্ঞাতব্য

লক্ষ্য করা যাচ্ছে যে, মোটরযানের মালিক কর্তৃক সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ, বিআরটিএ-এর পূর্বানুমতি ব্যতিরেকে মোটরযানের ইঞ্জিন পরিবর্তন করা হচ্ছে। মোটরযান অধ্যাদেশ-১৯৮৩ এর ৪২নং ধারা মোতাবেক ইঞ্জিন পরিবর্তন সহ মোটরযানের যে কোনো পরিবর্তন/পরিবর্ধনের জন্য বিআরটিএ'র পূর্বানুমতি নেয়া বাধ্যতামূলক। আরো লক্ষ্য করা যাচ্ছে যে, মোটরযান মেরামতকারী প্রতিষ্ঠান(ওয়ার্কসপ) কর্তৃক পরিবর্তিত ইঞ্জিনের গায়ে পুরাতন ইঞ্জিনের নাম্বার স্থানীয়ভাবে খোদাই করা হচ্ছে, যা সম্পূর্ণভাবে বে-আইনী।

এমতাবস্থায়, রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ, বিআরটিএ- এর পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে ইঞ্জিন ক্রয়ের পর প্রয়োজনীয় কাগজপত্রাদি (মূল ক্যাশ মেমো, আমদানী সংক্রান্ত কাগজপত্রের মূল/ফটোকপি যা আমদানীকারক/বিক্রেতা কর্তৃক সত্যায়িত, অঙ্গীকারনামা ইত্যাদি) ও গাড়ী সহ সংশ্লিষ্ট বিআরটিএ অফিসে যোগাযোগ করে তা রেকর্ডভুক্ত করার জন্য মোটরযানের মালিকগণকে অনুরোধ করা যাচ্ছে।

নতুন ইঞ্জিন ক্রয়ের পূর্বে নিম্নে বর্ণিত বিষয়াদী অনুসরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে ঃ

- ক) নির্ভরযোগ্য প্রতিষ্ঠান থেকে প্রয়োজনীয় কাগজপত্র সহ ইঞ্জিন ক্রয় করা।
- খ) ইঞ্জিনের প্রস্তুতকারক ও স্পেসিফিকেশন (সিসি, অশ্বশক্তি, জ্বালানী, ওজন ইত্যাদি) পরিবর্তন না করা।
- গ) ইঞ্জিনের মাউন্টিং-এ কোন রকম পরিবর্তন/পরিবর্ধন না করা।

বিঃ দ্রঃ সকল মোটরযান মেরামতকারী প্রতিষ্ঠান (ওয়ার্কসপ) কে ইঞ্জিন পরিবর্তনের ক্ষেত্রে উপরোক্ত নিয়মাবলী অনুসরণ করতে অনুরোধ করা যাচ্ছে।

পরিচালক (ইঞ্জিনিয়ারিং)
বিআরটিএ